

বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনের প্রভাবে যা ঘটতে পারে



তাপ প্রবাহ বেড়ে যেতে পারে ও কিছু সময় অস্বাভাবিক গরম আবহাওয়া বিরাজ করতে পারে।



সমুদ্রের উষ্ণতা বৃদ্ধি, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং উপকূলীয় অঞ্চলে বন্যার প্রাদুর্ভাব।



জমাট বরফ (গ্লেসিয়ার) গলে যেতে পারে এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেতে পারে।



আর্কটিক ও এন্টার্টিকা অঞ্চলে উষ্ণতা বৃদ্ধি পাবে ও বরফ গলে যেতে পারে। ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেতে পারে।



বর্ষার সময়কাল এগিয়ে আসতে পারে (ঋতু বৈচিত্র্যে পরিবর্তন আসতে পারে)।



উদ্ভিদ এবং প্রাণী বৈচিত্র্যে পরিবর্তন আসতে পারে এবং এদের মোট সংখ্যা বা পরিমাণে পরিবর্তন আসতে পারে।



সেন্টমার্টিন দ্বীপ বা এ ধরনের প্রবাল দ্বীপগুলো নষ্ট হয়ে যেতে পারে।



প্রচুর বৃষ্টিপাত, অস্বাভাবিক বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের পরিমাণ বাড়তে পারে।



খরার পরিমাণ অস্বাভাবিকভাবে বাড়তে পারে এবং মরুকরণ প্রক্রিয়া শুরু হতে পারে।



পৃথিবীতে রোগের বিস্তার ঘটতে পারে।

তথ্যপত্রটি বাংলাদেশ সরকারের ক্লাইমেট চেঞ্জ সেল কর্তৃক প্রকাশিত এবং সেন্টার ফর ন্যাচারাল রিসোর্স স্টাডিজ (সিএনআরএস) কর্তৃক প্রণীত ও মুদ্রিত

